



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700019
2nd Term: Answer Work Sheet - 13



Class: 3

Subject: Bengali Text (কিশোর)

Date: 11/09/2020

১। কিশোর কবিতাটি কবির নামসহ প্রথম ৮ লাইন লেখ :-

কিশোর

গোলাম মোস্তাফা

আমরা নূতন আমরা কুঁড়ি নিখিল বন নন্দনে,

ওষ্ঠে রাঙা হাসির রেখা, জীবন জাগে স্পন্দনে ।

লক্ষ আশা অন্তরে ঘুমিয়ে আছে মন্তরে

ঘুমিয়ে আছে বৃকের ভাষা পাপড়ি পাতার বন্ধনে ।

সকল কাঁটা ধন্য করে ফুটবো মোরা ফুটব গো,

অরুণ রচির সোনার আলো দু-হাত দিয়ে লুটব গো,

নিত্য নবীন গৌরবে ছড়িয়ে দিব সৌরভে

আকাশ পানে তুলব মাথা – সকল বাঁধন টুটব গো ।

২। 'লক্ষ আশা অন্তরে ঘুমিয়ে আছে মন্তরে'---- বুঝিয়ে দাও ?

উঃ কিশোর বালকেরা অনেক আশা নিয়ে লেখাপড়া করে । লেখাপড়ার মাধ্যমে তারা নতুন নতুন জিনিস শেখে । এই সময় তাদের মনে অনেক কিছু জানার আগ্রহ হয় । তারা তাদের জ্ঞান অর্জনের জন্য কেউ কেউ দেশ বিদেশ যায় ।

লেখাপড়া করতে করতে তাদের ভবিষ্যত জীবনে কী করবে তারই স্বপ্ন তাদের মনে ঘুরপাক খায় ।

৩। 'সকল কাঁটা ধন্য করে ফুটব মোরা ফুটব গো' ---- কারা একথা বলেছে ? এই পংক্তিটির মধ্যে কবি কী বলতে চেয়েছেন ?

উঃ কিশোর বালকেরা এই কথা বলেছেন ।

কবি বোঝাতে চেয়েছেন যে একটা ফুল ফোটাতে গাছকে অনেক কষ্ট করতে হয় । একটি চারাগাছ বড় হয় অনেক বাঁধা পার করে । তারপর যখন গাছে ফুল ফোটে তখন গাছের খুব আনন্দ হয় । সেইরকম একটা শিশু অনেক কষ্ট, ও পরিশ্রম করে লেখাপড়া শিখে দেশের নাগরিক হয় । তারাই দেশকে উন্নতির দিকে এগিয়ে নিয়ে যায় । তাই যত বাঁধাই আসুক না কেন তারা নিজের স্বপ্নকে বাস্তবে রূপ দেবে ।

৪। কিশোর কবিতায় কিশোরদের আশা আকাঙ্ক্ষার কথা নিজের ভাষায় লেখ ?

উঃ কিশোর বয়স থেকে লেখাপড়ার সাথে সাথে তাদের মনে নূতন কিছু করার আশা জাগে । তারা কেউ কেউ ভাবে তারা ভূপর্যটক ,সেনানায়ক,কেউ ভাবে শিল্পী ,লেখক,কেউ আবার ভাবে তারা ব্যবসায়ী হবে । এইভাবে এই কিশোরেরা ভবিষ্যতের সুনাগরিক হয়ে দেশ তথা নিজের উন্নতি করবে । দেশকে এগিয়ে নিয়ে যাবে । কিশোরদের এই আশা আকাঙ্ক্ষার কথাই কবি এই কবিতায় বলেছেন ।

Manashi Chaudhuri